দৈনিক ইনকিলাব

তারিখ ... 11 FEB 1998 ...
পৃষ্ঠা ৩ কলাম ৫

## মাদ্রাসা শিক্ষার বিরুদ্ধে ষড়যন্ত্র বন্ধে জমিয়াতুল মোদাররেছীনের আহবান

প্রেস বিজ্ঞপ্তি : বাংলাদেশ জমিয়াতুল মোদাররেছীনের নেতৃবৃন্দ এক বিবৃতিতে মাদ্রাসা শিক্ষার বিরুদ্ধে সুকৌশলে বিভিন্ন পর্যায়ে ষড়যন্ত্র বন্ধের জন্য সরকারের নিকট জোর দাবী জানিয়েছেন।

বিবৃতিতে নেতৃবৃন্দ বলেন, বর্তমান মাদ্রাসা শিক্ষা বিশেষ করে পবিত্র কুরআন, হাদীসসহ বাংলা, ইংরেজী, বিজ্ঞান বিষয়ের সমন্বয় সরকার কর্তৃক গৃহীত পাঠক্রম পাঠ্যসূচী বিদ্যমান। এ শিক্ষার দ্বারা কোন বেকার তৈরী হয় না বরং অগণিত বেকার কারা এবং সমস্যা কোথায় আজ তা গভীরভাবে বিবেচনা করা দরকার। কোন বিশেষজ্ঞ ব্যতীত কোন মন্তব্য কারও না দেয়া ভাল। কারণ তা জাতির নিকট গ্রহণযোগ্য হয় না। দেশে সাধারণ শিক্ষার জন্য ৬টি বোর্ড আছে, মাদ্রাসা শিক্ষার জন্য মাত্র একটি বোর্ড। আজ তা নিয়েও ষড়যন্ত্র চলছে বলে নেতৃবৃন্দ উল্লেখ করেন।

মিটিং, সেমিনার, সভা, আলোচনার নামে প্রয়োজনে-অপ্রয়োজনে না জেনেশুনে অযৌক্তিকভাবে মাদ্রাসা শিক্ষার বিরুদ্ধে মন্তব্য দিয়ে পত্র-পত্রিকায় যেভাবে ভুল-ভ্রান্তির বিষ ছড়াচ্ছে এতে দেশের ৯০% মুসলমানের বিশ্বাসের উপর আঘাত হানা শুরু হয়েছে। নেতৃবৃন্দ এসব ব্যাপারে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের সুদৃষ্টি কামনা করেছেন।